

২১/৭/২৩



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর, বাংলাদেশ
ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়
জনসংযোগ দপ্তর
ফোন: ০২ ৯৯৬৬৯১৫০৬, ফ্যাক্স: ০২ ৯৯৬৬৯১৫৫০
mail: nu@nu.ac.bd

m/w

২১ জুলাই, ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ে অন-ক্যাম্পাস অনার্স
কোর্সে ২৭ জুলাই থেকে ভর্তির আবেদন শুরু

৬১৮
২১/০৭/২০২৩

জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণীতে প্রথমবারের মতো ৪টি বিষয়ে অন-ক্যাম্পাস অনার্স কোর্সে ভর্তির আবেদন আহ্বান করা হয়েছে। ৪টি বিষয়ে অনার্স কোর্স হচ্ছে- এলএলবি, বিবিএ, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট এবং নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীরা আগামী ২৭ জুলাই ২০২৩ তারিখ থেকে অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে পারবে। ভর্তি কার্যক্রম চলবে ৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত। ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখ থেকে এই বিষয়সমূহের ক্লাস শুরু হবে।

গাজীপুরে বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে এই কোর্সসমূহের কার্যক্রম পরিচালিত হবে। উক্ত শ্রেণী/ বিষয়সমূহে সকল শাখার শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স বিষয়ে শুধু বিজ্ঞান শাখার শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) পাওয়া যাবে।

(মো. আতাউর রহমান)
পরিচালক
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়